



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ঢাশিবো/বি/২০৮/টাংগাইল/১৫৪২

তারিখ: ২৮/০১/২৪

বিষয় : বিদ্যালয়ের প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মো: হুমায়ুন খালিদ ভূইয়া-কে চূড়ান্ত বরখাস্ত প্রসঙ্গে।

- সূত্র : (১) বোর্ডের ২০/১১/২০১৯ তারিখের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির যাচাই বাছাই ও মতামত।  
 (২) বোর্ডের পত্রের স্মারক নং: ঢাশিবো/বি/৬/আএন্ডআ/১৯২৩, তারিখ: ২৯/১২/২০১৯।  
 (৩) প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মো: হুমায়ুন খালিদ ভূইয়া-এর ২৩/০৬/২০২৪ তারিখের আবেদন।  
 (৪) বোর্ডের ১৮/০৯/২০২৪ তারিখের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির যাচাই বাছাই ও মতামত।  
 (৫) ১৮/০৯/২০২৪ তারিখের আপিল এন্ড আরবিট্রেশন কমিটি কর্তৃক যাচাই বাছাইয়ের ভিত্তিতে ১৭/১০/২০২৪ তারিখের ২৩২ তম বোর্ড সভায় অনুমোদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিদ্যালয়ের প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মো: হুমায়ুন খালিদ ভূইয়া-এর বিরুদ্ধে ম্যানেজিং কমিটি কর্তৃক আনীত অভিযোগনামা- 'এসএসসি ২০১৯ এর ০৯/০২/২০১৯ তারিখে গণিত প্রশ্নপত্র টাকার বিনিময়ে ফাস করে ভ্রাম্যমান আদালত কর্তৃক দণ্ডিত হওয়া; ২। বিলুপ্ত কমিটির সভাপতির সঙ্গে আতাতের মাধ্যমে অর্থ আত্মসাৎ; ৩। ৮ম ও ৯ম শ্রেণির রেজি: এবং বেতন বাবদ উত্তোলিত অর্থ আত্মসাৎ; ৪। সনদপত্র, প্রশংসাপত্র বিক্রয়লব্ধ অর্থ আত্মসাৎ; ৫। ক্ষমতার অপব্যবহার, স্বজনপ্রীতি, অদক্ষতা, ছুটি না নিয়ে অনুপস্থিত, শৃঙ্খলা পরিপন্থী কাজ করা; ৬। নিজের স্ত্রীকে জালিয়াতির মাধ্যমে এমপিও করণ; ৭। ১৩/০৬/২০১৬ ইং তারিখে পদত্যাগ করা সত্ত্বেও ৭ মাস ২৪ দিন পর কোন প্রকার বিধি বিধান প্রতিপালন না করে বিদ্যালয়ে জোরপূর্বক প্রবেশ ইত্যাদি।'

এমতাবস্থায়, বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির ১৮/০৯/২০২৪ তারিখের সভায় বাদী ও বিবাদী উভয়ের উপস্থিতিতে অভিযোগসমূহ পুঙ্খানুপুঙ্খ বিশ্লেষণপূর্বক সূত্রোক্ত- (২) নং স্মারকে উল্লিখিত পত্রটি বহাল রাখার জন্য সুপারিশ করা হয়। গত ১৭/১০/২০২৪ তারিখে অনুষ্ঠিত ২৩২ তম বোর্ড সভায় বিদ্যালয়ের প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মো: হুমায়ুন খালিদ ভূইয়া-এর চূড়ান্ত বরখাস্তকরণের বিষয়ে বোর্ডের পত্র, যার স্মারক নং: ঢাশিবো/বি/৬/আএন্ডআ/১৯২৩, তারিখ: ২৯/১২/২০১৯, বহাল রাখার গৃহীত সুপারিশটি অনুমোদন প্রদান করা হয়।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাক্ষরিত/-

প্রফেসর আজাদ হোসেন চৌধুরী

সচিব

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন: ০২-৯৬৬৯৮১৩

প্রাপক : সভাপতি, ম্যানেজিং কমিটি  
 সাগরদিঘী বালিকা উচ্চ বিদ্যালয়  
 লোহানী সাগরদিঘী, ঘাটাইল, টাঙ্গাইল।

মেমো নং- ১৫৪২ (২০)

তারিখ: ২৮/০১/২৪

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
- ৫। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
- ৬। জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল।
- ৭। প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), সাগরদিঘী বালিকা উচ্চ বিদ্যালয়, লোহানী সাগরদিঘী, ঘাটাইল, টাঙ্গাইল।
- ৮। জনাব মো: হুমায়ুন খালিদ ভূইয়া, প্রধান শিক্ষক (বরখাস্তকৃত), সাগরদিঘী বালিকা উচ্চ বিদ্যালয়, লোহানী সাগরদিঘী, ঘাটাইল, টাঙ্গাইল।
- ৯। পি.এস.-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১০। অফিস কপি।

*(Signature)*

সচিব ২৪/০১/২৪

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ঢাকা।

*(Signature)*  
২৭/১০/২০২৪